জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ
চীফ টেকনিক্যাল ম্যানেজারের কার্যালয়
ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স
ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি)
মহাখালী, ঢাকা-১২১৩।
www.nememw.gov.bd

স্মারক নং- ৪৫.০৭.০০০০.০০১.১৬.০০১.১৫- ৮২৯ তারিখ: ২৮/০৪/২০২০খ্রি.

বিষয়: কোভিড-১৯ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭১.০৪৬.০০.০০.০০১.২০-৫৪; তারিখ: ২৬/০৪/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের মৌখিক নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি) এর যে সকল কার্যক্রম বাধাগ্রস্ত/ক্ষতিগ্রস্ত হয়েছে তার তথ্যাদি এবং সংকট উত্তরণে নিমিউ অ্যান্ড টিসি কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ এবং ভবিষ্যত কর্ম পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।

২৮/০৪/২০২০
মোহাঃ আমিনুর রহমান
চীফ টেকনিক্যাল ম্যানেজার
(উপসচিব)
ফোন :০২৫৮৮১০৬১৩
E-mail: nememw.govt.bd@gmail.com

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (হাসপাতাল)।

## কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে নিমিউ অ্যান্ড টিসির কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা

| কোভিড-১৯ এর কারণে নিমিউ অ্যান্ড টিসির যে সকল কার্যক্রম বাধাগ্রস্ত/ক্ষতিগ্রস্ত হয়েছে তার তথ্যাদি (ক) | সংকট উত্তরণে গৃহীত উদ্যোগসমূহ (ক) | সংকট থেকে উত্তরণে ভবিষ্যত কর্মপরিকল্পনা (খ) |
|---|---|---|
| ১) লকডাউনের কারণে যানবাহন ও জনবল চলাচলে নিষেধাজ্ঞা থাকায় মেডিক্যাল ইকুইপমেন্ট মেরামত কার্যক্রম ব্যাহত হয়েছে। | অফিস চালু রেখে ঢাকার ভিতরের হাসপাতাল সমূহে অফিসের যানবাহনে "কোভিড-১৯ মোকাবেলার কাজে ব্যবহৃত" স্টিকার লাগিয়ে তার মাধ্যমে কারিগরী জনবল ও স্পেয়ার পার্টস প্রেরণ করে বেশ কিছু মেডিক্যাল ইকুইপমেন্ট জরুরী ভিত্তিতে মেরামতের কাজ সম্পন্ন করা হয়েছে।<br><br>ঢাকার বাহিরের জেলা সমূহের হাসপাতালে মেডিক্যাল যন্ত্রপাতি মেরামতের জন্য প্রাইভেট মাইক্রোবাস ভাড়া করে (লং রুটে চলার মত নিমিউ অ্যান্ড টিসির কোন যানবাহন না থাকায়) তাতে "কোভিড-১৯ মোকাবেলার কাজে ব্যবহৃত" স্টিকার লাগিয়ে তার মাধ্যমে সংশ্লিষ্ট কারিগরী জনবল ও স্পেয়ার পার্টস প্রেরণ করে মেডিক্যাল ইকুইপমেন্ট মেরামতের কাজ করা হয়েছে। লকডাউনের মধ্যে এই সকল কাজ করতে বেশ ভোগান্তি পেতে হয়েছে। | করোনাভাইরাসের প্রকোপ শেষে পরিস্থিতি স্বাভাবিক হলে দেশব্যাপী ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে অবশিষ্ট মেডিক্যাল ইকুইপমেন্ট মেরামত কাজ সম্পন্ন করার জন্য উন্মুক্ত দরপত্র ও ডিপিএম এর কার্যক্রম তাড়াতাড়ি শেষ করার ব্যবস্থা নেয়া হয়েছে। |
| ২) লকডাউন থাকায় মেডিক্যাল যন্ত্রপাতি মেরামতের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র আহবান করতে বিলম্ব হচ্ছে। এর ফলে মেডিক্যাল যত্রপাতি মেরামতের কাজ বিলম্বিত হচ্ছে। | ৩১ ডিসেম্বর মেয়াদ শেষ হওয়া উন্মুক্ত দরপত্র এর মেয়াদ ITT Clause 20.7 অনুযায়ী ৬ মাস অর্থাৎ জুন ২০২০ পর্যন্ত বাড়িয়ে সীমিত পরিসরে মেরামত করা হচ্ছে। এছাড়াও এক্স-রে ও ইলেকট্রনিক্স শাখার টেন্ডার মূল্যায়ন কমিটির সভা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সম্পন্ন করার পদক্ষেপ নেওয়া হয়েছে। | করোনাভাইরাসের প্রকোপ শেষে পরিস্থিতি স্বাভাবিক হলে দ্রুততম সময়ের মধ্যে উন্মুক্ত দরপত্র এর অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করা হবে। |
| ৩) লকডাউন থাকায় অন্যান্য স্টেক হোল্ডাররা সভায় উপস্থিত হতে না পারায় Direct Procurement Method (DPM)- এর সভা নিয়মিত করা সম্ভব হচ্ছে না। ফলে মেডিক্যাল যন্ত্রপাতি মেরামতের কাজ বিঘ্নিত হচ্ছে। | ভিডিও কনফারেন্সের মাধ্যমে সীমিত পরিসরে DPM এর ত্রিপক্ষীয় সভা করা হচ্ছে। | করোনাভাইরাসের প্রকোপ শেষে পরিস্থিতি স্বাভাবিক হলে দেশব্যাপী ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে DPM এর সভা করে দ্রুততম সময়ের মধ্যে অবশিষ্ট মেডিক্যাল ইকুইপমেন্ট মেরামত কাজ সম্পন্ন করা হবে। |
| ৪) লকডাউনের ফলে নিমিউ কর্তৃক নার্স, টেকনিশিয়ান ও অন্যান্য কারিগরী জনবলের প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হয়েছে। | প্রশিক্ষণার্থীদের যাতায়াত সমস্যা এবং জনসমাবেশ এড়িয়ে চলার কারণে করোনা কালীন সময়ে কোন পদক্ষেপ নেওয়া সম্ভব হচ্ছে না। | করোনাভাইরাসের প্রকোপ শেষে পরিস্থিতি স্বাভাবিক হলে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। |

পৃ-১/২

| | | |
|---|---|---|
| ৫) কোভিড-১৯ এর কারণে করোনা ডেডিকেটেড হাসপাতাল সমূহে করোনা ICU স্থাপনের কাজ নতুনভাবে করতে হয়েছে। | প্রাইভেট মাইক্রোবাস ভাড়া করে (লং রুটে চলার মত নিমিউ অ্যান্ড টিসির কোন যানবাহন না থাকায়) তাতে " কোভিড-১৯ মোকাবেলার কাজে ব্যবহৃত" স্টিকার লাগিয়ে তাতে সংশ্লিষ্ট কারিগরী জনবল ও স্পেয়ার পার্টস প্রেরণ করে করোনা ICU তে ভেন্টিলেটর স্থাপনের কাজ করা হয়েছে এবং তা চালনার জন্য মেডিক্যাল গ্যাস সিস্টেম (অক্সিজেন ও কমপ্রেসড্ এয়ার প্লান্ট) স্থাপন করা হয়েছে।<br><br>উদাহরণস্বরূপ ঢাকার মধ্যে নিম্নবর্ণিত হাসপাতাল সমূহের ICU এর কাজ করা হয়েছেঃ<br>১) কুয়েত বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল, উত্তরা, ঢাকা<br>২) কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা<br>৩) শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা<br>৪) লালকুঠি হাসপাতাল, মিরপুর, ঢাকা<br>৫) মুগদা জেনারেল হাসপাতাল, ঢাকা<br>৬) মহানগর হাসপাতাল, বংশাল, ঢাকা<br><br>এবং ঢাকার বাইরে নিম্নবর্ণিত হাসপাতাল সমূহের ICU এর কাজ করা হয়েছেঃ<br>১) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গোপালগঞ্জ<br>২) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম<br>৩) ১০০ শয্যা বিশিষ্ট শিশু হাসপাতাল, রংপুর<br>৪) ৩০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ<br>৫) খুলনা ডায়াবেটিক হাসপাতাল, খুলনা<br>৬) শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতাল, সিলেট<br><br>উল্লেখ্য, শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতাল সিলেটে মেরামতের উদ্দেশ্যে যাওয়ার পথে গত ১২/০৪/২০২০ তারিখ আনুমানিক রাত ১.৩৫ এর দিকে হবিগঞ্জের মাধবপুর এলাকায় নিমিউ এর গাড়ীতে ডাকাতি হয়। ডাকাতরা মেরামতকারী দলের ৬টি মোবাইল ও ১টি ব্যাগ ছিনিয়ে নেয় ও মারধর করে আহত করে। | করোনাভাইরাসের প্রকোপ শেষে পরিস্থিতি স্বাভাবিক হলে এসব মেডিক্যাল ইকুইপমেন্ট রক্ষণাবেক্ষণ পূর্বক সচল রেখে সাধারণ রোগীদের জন্য ব্যবহার করা হবে। |

* গ) নিমিউ অ্যান্ড টিসিতে কোন বার্ষিক উন্নয়ন কর্মসূচী নাই।

২৮/০৪/২০২০

মোহাঃ আমিনুর রহমান
চীফ টেকনিক্যাল ম্যানেজার (উপসচিব)
নিমিউ অ্যান্ড টিসি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
মহাখালী, ঢাকা।

পৃ- ২/২